(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
প্লট#ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ
www.btrc.gov.bd

**স্মারক নম্বর:** ১৪.৩২.০০০০.০০০.৬০০.৩৭.০০০১.২২.২৩৭

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **সারাদেশে ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা প্রদানে সরকারি/বেসরকারি সকল ধরনের ISP-দের জন্য ট্যারিফ প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্মারক নং- ১৪.০০.০০০০.০০০.০১০.১৮.০০০৬.১৭.৬৯, তারিখ: ০২ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি:

উপরোক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্রডব্যান্ড ইন্টারনেট ব্যবহারের মূল্য যুক্তিসঙ্গত পর্যায়ে নামিয়ে আনার জন্য একটি বাস্তবসম্মত এবং গ্রাহক বান্ধব ইন্টারনেট ট্যারিফ প্রণয়নে সরকারি/বেসরকারি সকল ধরণের ISP-দের জন্য বিটিআরসি কর্তৃক একটি খসড়া ট্যারিফ প্রস্তুত করতঃ অনুমোদনের জন্য ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরন করা হয় এবং পরবর্তীতে সূত্রস্থ পত্রের মাধ্যমে সরকার কর্তৃক ট্যারিফটি অনুমোদিত হয়।

এমতাবস্থায়, সরকারি/বেসরকারি সকল ধরণের ISP-দের জন্য নিম্নোক্ত ট্যারিফ এবং ট্যারিফের সহিত সেবা ও সেবার মান নিশ্চিতে প্রয়োজনীয় ‘Penalty’ শর্তসহ Quality of Service & Experience-কে বিবেচনায় নিয়ে প্রতিটি সেবার মানদন্ড নির্ধারণে ‘Grade of Service (GoS)’ নির্দেশক্রমে প্রদান করা হলো:

**Internet Service Proviver (ISP) ট্যারিফ**

| Bandwidth Range (Minimum) | ISP Tariff, BDT/Month (Proposed) | | | |
|---|---|---|---|---|
| Shared (Maximum Contention Ratio 1:8) | Metro | District | Upazilla/Thana | Union |
| 5 Mbps | 400 (সর্বোচ্চ) | 400 (সর্বোচ্চ) | 400 (সর্বোচ্চ) | 400 (সর্বোচ্চ) |
| 10 Mbps | 500 (সর্বোচ্চ) | 500 (সর্বোচ্চ) | 500 (সর্বোচ্চ) | 500 (সর্বোচ্চ) |
| 20 Mbps | 800 (সর্বোচ্চ) | 800 (সর্বোচ্চ) | 800 (সর্বোচ্চ) | 800 (সর্বোচ্চ) |
| 40 Mbps | 1200 (সর্বোচ্চ) | 1200 (সর্বোচ্চ) | 1200 (সর্বোচ্চ) | 1200 (সর্বোচ্চ) |

**(২) ট্যারিফের শর্তাবলী:**

(১) বিটিআরসি’র লাইসেন্সধারী সকল সরকারি/বেসরকারি বিভিন্ন ধরণের Internet Service Provider (ISP) প্রতিষ্ঠানের জন্য উল্লেখিত ট্যারিফটি অত্র পত্র জারীর তারিখ হতে প্রাথমিকভাবে ৫ (পাঁচ) বছরের জন্য নির্ধারিত থাকবে এবং পরবর্তীতে নতুন করে ট্যারিফ নির্ধারিত না হলে কমিশনের অনুমোদনক্রমে তা বলবৎ থাকবে। তবে কমিশন বাজার চাহিদা ও গ্রাহক স্বার্থ বিবেচনায় যে কোন সময় ইহা পরিবর্তন করতে পারবে;

(২) গ্রাহক সেবা ও সেবার মান নিশ্চিতে প্রয়োজনীয় ‘Penalty’ শর্ত সহ Quality of Service & Experience-কে বিবেচনায় নিয়ে প্রতিটি সেবার মানদন্ড নির্ধারণে বর্ণিত Grade A, B ও C মোতাবেক ‘Grade of Service (GoS)’ বজায় রাখতে প্রতিটি ISP বাধ্য থাকবে। সকল ধরণের ISP’র ক্ষেত্রে “গ্রাহক ০৫ দিন অব্যাহতভাবে ইন্টারনেট সেবা বিচ্ছিন্ন থাকলে মাসিক বিল ৫০% প্রদান করবে, ১০ দিন অব্যাহতভাবে ইন্টারনেট সেবা বিচ্ছিন্ন থাকলে মাসিক বিলের ২৫% প্রদান করবে এবং ১৫ দিন অব্যাহতভাবে ইন্টারনেট সেবা বিচ্ছিন্ন থাকলে উক্ত মাসে কোন মাসিক বিল প্রদান করবে না”;

(৩) ISP নীতিমালার শর্ত নং- ২১.৫ অনুযায়ী সরকার কর্তৃক অনুমোদিত ট্যারিফের আদলে সকল লাইসেন্সধারী ISP প্রতিষ্ঠানকে কমিশন হতে প্রয়োজনীয় ট্যারিফ অনুমোদন গ্রহণ করতে হবে;

(৪) সরকারের অনুমোদিত ইন্টারনেট স্পিড সর্বনিম্ন সীমা 5Mbps বিদ্যমান রেখে ট্যারিফের তালিকা অনুযায়ী 5Mbps, 10Mbps ও 20Mbps অথবা Contention Ratio- 1:8 কে আনুপাতিক হারে প্রয়োজনীয় সমন্বয় করে কমিশনের অনুমোদনক্রমে গ্রাহকদের ISP অন্যান্য প্রোডাক্ট/সেবা প্রদান করতে পারবে;

(৫) ISP কর্তৃক কমিশন হতে অনুমোদিত ট্যারিফ চার্ট নিজস্ব ওয়েব সাইটে প্রকাশ করতে হবে এবং অনুমোদিত সেবা বা ট্যারিফ – এ কোন প্রকার পরিবর্তন বা সংযোজন গ্রহনযোগ্য নয়;

(৬) ট্যারিফের বাহিরে অনুমোদন ব্যতীত কোন সেবা/প্রোডাক্ট পরিচালনা করলে বাংলাদেশ টেলিযোগাযোগ আইন অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে কমিশন আইনানুগ ব্যবস্থা গ্রহন করবে;

(৭) গ্রাহক অভিযোগ (টিকেটিং নাম্বার সহ) দ্রুততার সাথে সমাধান করতে হবে, গ্রাহক কর্তৃক কোন অভিযোগ প্রাপ্ত হলে বিটিআরসি প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহন করবে এবং গ্রাহক অভিযোগ ও অভিযোগ সমাধানের তথ্য কমপক্ষে ছয় (০৬) মাসের জন্য সংরক্ষণ করতে হবে;

**<u>(৩) ট্যারিফের সহিত সেবা ও সেবার মান নিশ্চিতে Grade of Service (GoS):</u>**

<table>
<tr><th>GRADE</th><th colspan="2">Grade of Service (GoS):</th></tr>
<tr><td rowspan="2">A</td><td>Quality of Service (QoS)</td><td>1. Multiple Upstream redundancy<br>2. PoP with Multiple NTTN (underground) path redundancy<br>3. 24/7/365 NOC and Care Service</td></tr>
<tr><td>Quality of Experience (QoE)</td><td>1. Up Time : 99.00%<br>2. Down Time : (Cumulative)
<table>
<tr><td colspan="4">Down Time : Maximum per Month</td></tr>
<tr><td>Upazila ISP</td><td>District ISP</td><td>Division ISP</td><td>Nationwide ISP</td></tr>
<tr><td>01 Day/m</td><td>12 Hours/m</td><td>06 Hours/m</td><td>03 Hours/m</td></tr>
</table>
3. MTTR (Minimum Time To Restore) :
<table>
<tr><td colspan="4">MTTR : Maximum (from logical detection, subject to not having dependency with IIG or NTTN):</td></tr>
<tr><td>Upazila ISP</td><td>District ISP</td><td>Division ISP</td><td>Nationwide ISP</td></tr>
<tr><td>4 Hours</td><td>3 Hours</td><td>2 Hours</td><td>1 Hours</td></tr>
</table>
</td></tr>
<tr><td colspan="3"></td></tr>
<tr><td rowspan="2">B</td><td>Quality of Service (QoS)</td><td>1. Upstream redundancy<br>2. PoP with NTTN (underground) path redundancy<br>3. 24/7/365 NOC and Care Service</td></tr>
<tr><td>Quality of Experience (QoE)</td><td>1. Up Time : 98.00%<br>2. Down Time : (Cumulative)
<table>
<tr><td colspan="4">Down Time : Maximum per Month</td></tr>
<tr><td>Upazila ISP</td><td>District ISP</td><td>Division ISP</td><td>Nationwide ISP</td></tr>
<tr><td>03 Day/m</td><td>02 Day/m</td><td>01 Day/m</td><td>12 Hours/m</td></tr>
</table>
3. MTTR (Minimum Time To Restore) :
<table>
<tr><td colspan="4">MTTR : Maximum (from logical detection, subject to not having dependency with IIG or NTTN):</td></tr>
<tr><td>Upazila ISP</td><td>District ISP</td><td>Division ISP</td><td>Nationwide ISP</td></tr>
<tr><td>5 Hours</td><td>4 Hours</td><td>3 Hours</td><td>2 Hours</td></tr>
</table>
</td></tr>
<tr><td colspan="3"></td></tr>
<tr><td rowspan="2"></td><td>Quality of Service (QoS)</td><td>1. Upstream redundancy<br>2. PoP with NTTN(underground) path<br>3. 24/7/365 NOC and Care Service</td></tr>
<tr><td></td><td></td></tr>
</table>

<table>
<tr><td>C</td><td>Quality of Experience (QoE)</td><td>

1. Up Time : 97.00%
2. Down Time : (Cumulative)

<table>
<tr><td colspan="4">Down Time : Maximum per Month</td></tr>
<tr><td>Upazila ISP</td><td>District ISP</td><td>Division ISP</td><td>Nationwide ISP</td></tr>
<tr><td>04 Day/m</td><td>03 Day/m</td><td>02 Day/m</td><td>01 Day/m</td></tr>
</table>

3. MTTR (Minimum Time To Restore) :

<table>
<tr><td colspan="4">MTTR : Maximum (from logical detection, subject to not having dependency with IIG or NTTN):</td></tr>
<tr><td>Upazila ISP</td><td>District ISP</td><td>Division ISP</td><td>Nationwide ISP</td></tr>
<tr><td>6 Hours</td><td>5 Hours</td><td>4 Hours</td><td>3 Hours</td></tr>
</table>

</td></tr>
<tr><td colspan="3">Penalty: will be applicable for all type of ISPs and for the Monthly bill 500/- tk and above packages:</td></tr>
<tr><td>A, B, C</td><td colspan="2">if the service is continuously Down:<br>• 5 Days: users will pay = 50%, of monthly bill for that month<br>• 10 Days: users will pay = 25%, of monthly bill for that month<br>• 15 Days: users will NOT Pay, the monthly bill for that month</td></tr>
</table>

(৪) এতদ্বারা বিগত ১৮ মে ২০২৫ খ্রিঃ তারিখে স্মারক নং-১৪.৩২.০০০০.০০০.৬০০.৩৭.০০০১.২২.৬৫৯ এর মাধ্যমে জারীকৃত সারাদেশে ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা প্রদানে সরকারি/বেসরকারি সকল ধরনের ISP-দের জন্য ট্যারিফ প্রদান সংক্রান্ত নির্দেশনাটি বাতিল করা হলো।

১৮-০২-২০২৬
ব্রিগেডিয়ার জেনারেল শাহজাদ পারভেজ
মহিউদ্দিন, এসজিপি, এনডিসি, এএফডব্লিউসি,
পিএসসি
মহাপরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ব্যবস্থাপনা পরিচালক, ম্যানেজিং ডিরেক্টর এর দপ্তর, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)।
২। সভাপতি, আইএসপিএবি (সকল সদস্যদের বিতরণ নিশ্চিত করনের জন্য) এবং
৩। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রোপ্রাইটর, সকল সরকারি ও বেসরকারি ISP প্রতিষ্ঠান।।

**স্মারক নম্বর:** ১৪.৩২.০০০০.০০০.৬০০.৩৭.০০০১.২২.২৩৭/১ (১৪)

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী, উপদেষ্টার দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
২। সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৩। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
৪। অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (টেলিকম ) এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৫। যুগ্মসচিব (টেলিকম) (অতিরিক্ত দায়িত্ব), যুগ্মসচিব (টেলিকম)- এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৬। ভাইস চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
৭। কমিশনার, ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
৮। কমিশনার, লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
৯। কমিশনার, স্পেকট্রাম বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
১০। মহাপরিচালক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।

১১। মহাপরিচালক, ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
১২। মহাপরিচালক, স্পেকট্রাম বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
১৩। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন এবং
১৪। পরিচালক, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।

১৮-০২-২০২৬
মোঃ রাইসুল ইসলাম
উপ পরিচালক